

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮২৬

२٩/ शिष्ठोठात (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/৫৯. ''লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ''-এর ফ্যীলাত

بَابِ مَا جَاءَ فِي لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللهِ

আরবী

বাংলা

৩/৩৮২৬। হাযিম ইবনে হারমালা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট দিয়ে যাচ্ছিলাম। তিনি আমাকে বলেনঃ হে হাযিম! তুমি অধিক সংখ্যায় ''লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ'' বাক্যটি পড়ো। কেননা তা হলো জান্নাতের গুপুধন।

English

It was narrated that Hazim bin Harmalah said:

"I passed by the Prophet (saas) and he said to me: 'O Hazim, say often: "La hawla wa la quwwata illa billah (there is no power and no strength except with Allah)," for it is one of the treasures of Paradise.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। মিশকাত ২৩১৯। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ১. ইয়াকুব বিন হুমায়দ বিন কাসিব সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭০৮৬, ৩২/৩১৮ নং পৃষ্ঠা) ২. আবু যায়নাব সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আলী ইবনুল মাদীনী



বলেন, তার অবস্থা সম্পর্কে জানা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৩৭৯, ৩৩/৩৩৬ নং পৃষ্ঠা)

উক্ত হাদিসটি সহীহ কিন্তু ইয়াকুব বিন হুমায়দ ও আবু যায়নাব এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৩৫৬ টি শাহিদ হাদিস রয়েছে, ৩৭ টি খুবই দুর্বল, ১৬৯ টি দুর্বল, ১২৩ টি হাসান, ২৭ টি সহীহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৪২০৪, ৬৩৮৪, ৬৪০৯, ৭৩৮৬, মুসলিম ৫৮৯, ২৭০৫, ২৭০৬, তিরমিযি ৩৩৭৪, ৩৪৬১, ৩৫৮১, ৩৬০১, আহমাদ ৭৯০৬, ৮০২৪, ৮২০১, ৮২২১, ৮৪৪৬, ৮৫৩৫, মু'জামুল আওসাত ১৯৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন